অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
গবেষণা শাখা

স্মারকঃ নং -৩৭.০০.০০০০.১৫৩.১৬.৩৪.২০১৭-১২০ তারিখঃ ৩০/১০/২০১৭ ইং।

**বিষয়ঃ কার্যবিবরণী প্রেরণ।**

২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এ.ডি.পি.)-তে অন্তর্ভুক্ত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই ২০১৭ হতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা মাননীয় শিক্ষা মন্ত্রীর সভাপতিত্বে গত ২৫ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

৩০.১০.২০১৭
(গোলাম মোহাম্মদ ফারুক)
গবেষণা কর্মকর্তা
ফোন: ৯৫৭১২৫৫

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)।

০১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন)।
০২। সিনিয়র সচিব / সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃষ্টি আকর্ষণ; পরিচালক-৭)।
০৩। সিনিয়র সচিব / সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিব / সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। সিনিয়র সচিব / সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ / উন্নয়ন / বিশ্ববিদ্যালয় ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৭। প্রধান, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
০৯। যুগ্ম প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। যুগ্ম সচিব, (উন্নয়ন/বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪। উপ-প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট, কাওরান বাজার, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প, বরিশাল।
১৭। প্রকল্প পরিচালক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প, চট্টগ্রাম।
১৯। প্রকল্প পরিচালক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প, সিলেট।
২০। প্রকল্প পরিচালক, পটুয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, পটুয়াখালি।
২১। প্রকল্প পরিচালক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন প্রকল্প, খুলনা।
২২। প্রকল্প পরিচালক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
২৩ প্রকল্প পরিচালক, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প, রাঙ্গামাটি।

Adp-copy-2017-18-munits-30-8-17

২৪। প্রকল্প পরিচালক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের দুটি একাডেমিক ভবন এবং অডিটোরিয়াম ভবন নির্মাণ, সিলেট

২৫। প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প, টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৬। প্রকল্প পরিচালক, ইনফ্রাস্ট্রাকচারাল ফ্যাটিসিলিটিজ ফর ডিপার্টমেন্ট অব আর্কিটেকচার ইন ডুয়েট, গাজীপুর, ঢাকা।

২৭। প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, গোপালগঞ্জ।

২৮। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্প, চুয়েট, চট্টগ্রাম।

২৯। প্রকল্প পরিচালক, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (১ম পর্যায়), কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

৩০। প্রকল্প পরিচালক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, বুয়েট, ঢাকা।

৩১। প্রকল্প পরিচালক, ইসলামি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়), ইসলামি বিশ্ববিদ্যালয়,কুষ্টিয়া।

৩২। প্রকল্প পরিচালক, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন, রংপুর।

৩৩। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধ ও অন্যান্য সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য আবাসিক সুবিধা সৃষ্টিকরণ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

৩৪। প্রকল্প পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসারদের জন্য ২০ তলা আবাসিক শহীদ শেখ রাসেল টাওয়ার ভবন নির্মাণ প্রকল্প, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩৫। প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীন উন্নয়ন অনুষদের ভৌত ও অন্যান্য সুবিধাদি সৃষ্টি, গাজীপুর, ঢাকা।

৩৬। প্রকল্প পরিচালক, বাংলাদেম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিপ মডেল টেষ্টিং সেন্টার স্থাপন(টোয়িং ট্যাংক), বুয়েট, ঢাকা।

৩৭। প্রকল্প পরিচালক, বাংলাদেম ইউনিভারসিটি অব প্রফেশনাল এর উন্নয়ন, মিরপুর, ঢাকা।

৩৮। প্রকল্প পরিচালক, ইসলামী ইউনিভারসিটি অব টেকনোলজি (আইইউটি) এর আনুষাংগিক সুবিধাদিসহ ১২০ আসন বিশিষ্ট ছাত্রীনিবাস নির্মাণ, বোর্ড বাজার, গাজীপুর।

৩৯। প্রকল্প পরিচালক, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববির্দ্যালয়ের একাডেমিক ও অবকাঠামো উন্নয়ন, যশোর।

৪০। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম ভেটেরিনারী ও এ্যানিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, চট্টগ্রাম।

৪১। প্রকল্প পরিচালক, নোয়াখালী বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভৌত একাডেমিক সুবিধা বৃদ্ধিকরণ, নোয়াখালী।

৪২। প্রকল্প পরিচালক, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, ডুয়েট, গাজীপুর।

৪৩। প্রকল্প পরিচালক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, শেরে বাংলানগর, ঢাকা।

৪৪। প্রকল্প পরিচালক, খুলনা বিশ্ববিদ্যালয়ের অধিকতর অবকাঠামো উন্নয়ন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

৪৫। প্রকল্প পরিচালক, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শক্তিশালীকরণ, টাংগাইল।

৪৬। প্রকল্প পরিচালক, কলেজ এডুকেশন ডিভেলপমেন্ট প্রজেক্ট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

৪৭। প্রকল্প পরিচালক, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন. দিনাজপুর।

৪৮। প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভৌত সুবিধাদি এবং গবেষণা সক্ষমতা শক্তিশালিকরণ, গাজীপুর।

৪৯। প্রকল্প পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও আবাসিক ভবন নির্মাণ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫০। প্রকল্প পরিচালক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

৫১। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, চট্টগ্রাম।

৫২। প্রকল্প পরিচালক, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, রাজশাহী।

৫৩। সিনিয়র সহকারী প্রধান-১, ৫, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ</u>**

০১। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

**বিষয়ঃ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের এ.ডি.পি. পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| স্থান | : সম্মেলন কক্ষ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : ২৫ অক্টোবর ২০১৭ |
| সভাপতি | : মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : পরিশিষ্ট "ক" |

**প্রারম্ভিক আলোচনা :**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সভাপতির অনুমতিক্রমে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য যুগ্ম প্রধানকে আহবান জানান। যুগ্ম প্রধান সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের এ.ডি.পি. বাস্তবায়ন অগ্রগতির সার্বিক চিত্র সভাকে অবহিত করেন। সভাকে জানান হয় যে, ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৬৯টি প্রকল্পের জন্য মোট ৫৬৮৮.০৩ কোটি (জি.ও.বি. ৪৭৪০.৬১ কোটি ও প্রকল্প সহায়তা ৯৪৭.৪২ কোটি) টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত মোট ১৩০০.০৯ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে, যা মোট বরাদ্দের ২৩%। এ সময়ে ব্যয় হয়েছে ৬০৪.১৬ কোটি টাকা, যা মোট বরাদ্দের প্রায় ১১%। এ ব্যয় গত অর্থবছরের সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের এ.ডি.পি. বাস্তবায়ন অগ্রগতির (৯%) তুলনায় ২% বেশী। সভায় জানানো হয় যে, চলতি অর্থ বৎসরের জাতীয় গড় অগ্রগতি ১১%। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত দপ্তর/সংস্থাওয়ারী এ.ডি.পি. বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনে উল্লেখ করা হয় যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আর্থিক অগ্রগতি ১৩%, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ১৪%, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ৫%, বাংলাদেশ স্কাউটস ০১% এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর ০%।

২.১। সভায় উল্লেখ করা হয় যে, ২০১৭ -১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ৪১টি (বিনিয়োগ ৩৭টি, এবং কারিগরি সহায়তা ৪টি ) প্রকল্পের জন্য মোট ১৩৫৪.০১ কোটি (জিওবি ৭৮৩.৯১ কোটি ও প্রকল্প সাহায্য ৫৭০.১০ কোটি) টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত এই বরাদ্দের বিপরীতে ১৭৪.৯৩ কোটি টাকা অবমুক্ত এবং ৬১.৩৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুকূলে মোট বরাদ্দের ৫%। তিনি আরো উল্লেখ করেন যে, গত অর্থবছরের সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ছিল ৬%।

২.২। যুগ্ম প্রধান সভায় জানান যে, প্রকল্পের মনিটরিং জোরদার করার জন্য বছরের শুরুতেই প্রত্যেকটি প্রকল্পের ক্রয় পরিকল্পনা প্রণয়নের জন্য বলা হলেও এসকল ক্রয় পরিকল্পনা প্রণয়নে বিলম্বের কারণে অদ্যকার সভাটি ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনার আলোকে করা সম্ভব হচ্ছে না। তবে ইতোমধ্যে সকল প্রকল্পের ক্রয়

পরিকল্পনা মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে। কাজেই আগামী সভাটি প্রকল্পের ক্রয় পরিকল্পনা ও কর্ম পরিকল্পনা অনুযায়ী অনুষ্ঠানের ব্যবস্থা করা হবে।

২.৩। বছরের ৪ মাসের অধিক অতিক্রান্ত হলেও কয়েকটি প্রকল্পের অর্থছাড়ের প্রস্তাব মন্ত্রণালয়ে না পাওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। জরুরীভিত্তিতে সকল প্রকল্পের অর্থছাড় নিশ্চিত করার জন্য গুরুত্বারোপ করা হয়। এ পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপপ্রধান সভায় জানান যে, এ পর্যন্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ১৯টি প্রকল্পের অর্থছাড় করা হলেও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় থেকে মাত্র ৪টি প্রকল্পের অর্থছাড় করা হয়েছে। যথাসময়ে অর্থছাড় করা না হলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আর্থিক অগ্রগতি কম হওয়ার ঝুকি রয়েছে। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, তার দপ্তরে কোন অনিস্পন্ন বিষয় নেই। কিছু কিছু প্রকল্পের ব্যাংক হিসাব বিবরণী না পাওয়ায় অর্থছাড় করা হয়নি। এ পর্যায়ে সভায় জানানো হয় যে, অর্থ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী ৪র্থ কিস্তি অর্থছাড়ের সময় ব্যাংক হিসাব বিবরণী প্রয়োজন হয় । কাজেই ১ম-৩য় কিস্তির অর্থছাড়ের কাজে বিলম্ব হওয়া বাঞ্চনীয় নয়। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনিস্পন্ন বিষয় সংক্রান্ত তথ্যসহ সভায় উপস্থিত থাকা এবং অর্থছাড় বিলম্বিত হলে তা কারণসহ পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও মন্ত্রণালয়কে জানানোর জন্য পরামর্শ প্রদান করা হয়।

২.৪। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়নের বিধিবিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। প্রকল্পের অর্থ যে অর্থবছরের জন্য বরাদ্দ থাকবে সেই অর্থবছরেই ব্যয় করতে হবে। ব্যয় করতে অপারগ হলে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতাধীন সকল প্রকল্পের অব্যয়িত অর্থ প্রতি অর্থবছর শেষে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হয় । কিন্তু অনেক প্রকল্পে এ আর্থিক বিধি প্রতিপালিত না হওয়া সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। এবিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। গত অর্থবছর শেষে অব্যয়িত অর্থ ফেরত দেয়নি এমন একটি বিশ্ববিদ্যালয় (**রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়** স্থাপন) এর সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে একটি সভা করার বিষয়ে সভায় আলোচনা হয়।

২.৫। গত অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় জানানো হয় যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর ৮টি প্রকল্প গত জুন ২০১৭ এ সমাপ্ত হয়েছে। এসকল প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন আগষ্ট ২০১৭ এর মধ্যে মন্ত্রণালয়ে জমা দেয়ার কথা থাকলেও এ পর্যন্ত কোন প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। সকল প্রকল্পের সমাপ্তি প্রতেবেদন জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরনের জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়।

২.৬। ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ১৬টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত আছে। উক্ত ১৬টি প্রকল্পের মধ্যে ৫টি প্রকল্প { (ক) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, (খ) খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো সুবিধাদি উন্নয়ন ,

(গ) ইনফ্রাস্ট্রাকচারাল ফ্যাটিসিলিটিজ ফর ডিপার্টামেন্ট অব আর্কিটেকচার ইন ডুয়েট, (ঘ) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর সম্প্রসারণ ও উন্নয়ন এবং ইসলামী ইউনিভারসিটি অব টেকনোলজি এর আনুসাংগিক সুবিধাদিসহ ১২০ আসন বিশিষ্ট ছাত্রীনিবাস নির্মাণ } এ অর্থবছরে সমাপ্ত হবে মর্মে প্রকল্পের পক্ষ থেকে জানানো হয়। অবশিষ্ট ১১টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুপারিশের জন্য স্টিয়ারিং কমিটির সভা আহবানের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

২.৭। **হায়ার এডুকেশন কোয়ালিটি এনহান্সমেন্ট প্রজেক্ট** এর প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির ২০১৭-১৮ অর্থবছরের বরাদ্দ ভুলক্রমে বেশী মুদ্রিত হয়েছে। এত টাকা এ অর্থবছরে ব্যয় করা সম্ভব হবে না। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রকল্পে প্রয়োজনমত বরাদ্দ প্রদানের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

৩.০। **বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.১ | "রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন" শীর্ষক প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করা জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে একটি সভা আহবানের ব্যবস্থা করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ৩.২ | হায়ার এডুকেশন কোয়ালিটি এনহান্সমেন্ট প্রজেক্টের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রতিফলিত বরাদ্দ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের সময়ে প্রয়োজনমত বরাদ্দ প্রস্তাব করতে হবে। | প্রকল্প পরিচালক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। |
| ৩.৩ | গত অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধান |
| ৩.৪ | চলতি ২০১৭-১৮ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ১৬টি প্রকল্পের মধ্যে ৫টি প্রকল্প সমাপ্ত করতে হবে। অবশিষ্ট ১১টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য স্টিয়ারিং কমিটির সভা করার প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধান |
| ৩.৫ | প্রকল্প বাস্তবায়নের আর্থিক শৃংখলা যথাযথভাবে অনুসরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধান |
| ৩.৬ | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উর্ধ্বতন কর্মকর্তা আলোচনাক্রমে দ্রুত ছাড়কৃত অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবেন। যদি বিষয়টি নিস্পন্ন করতে বিলম্ব হয় তবে নিস্পন্ন না হওয়ার কারণ লিখিত ভাবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং প্রকল্প পরিচালককে অবহিত করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। |

৪.০ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/১৭

( নুরুল ইসলাম নাহিদ এম.পি. )
মন্ত্রী